



## মাতা-পিতার জন্য অনলাইন পেমেন্ট

### মাতা-পিতা এবং অভিভাবকদের জন্য তথ্যাবলী

অভিভাবকরা ইচ্ছা করলে বর্তমানে Westpac-এর সুরক্ষিত পেজের মাধ্যমে সন্তানদের স্কুলের পাওনা টাকা অনলাইনে পরিশোধ করতে পারবে। কম্পিউটার, ট্যাবলেট বা মোবাইল ফোন ব্যবহার করে Visa বা MasterCard ক্রেডিট কার্ড বা ডেবিট কার্ড ব্যবহার করে এই পেমেন্ট করা যাবে। স্কুলের ওয়েবসাইটের প্রথম পেজ থেকে \$ Make a payment (\$ পেমেন্ট করুন) সিলেক্ট করার মাধ্যমে এই পেমেন্ট পেজে প্রবেশ করা যায়।

Westpac সম্প্রতি তাদের সিস্টেমের উন্নয়ন ঘটিয়েছে যাতে করে বিস্তারিত তথ্য প্রদানের জন্য অধিক সময় পাওয়া যায় এবং অভিভাবকরা অটোফিল অপশনের মাধ্যমে পেমেন্ট প্রদান করতে পারে, যাতে করে বিস্তারিত তথ্য বারবার দিতে হয় না। ক্রেডিট কার্ড ব্যবহার করে অথবা ব্যাংক একাউন্ট থেকে সরাসরি ডেবিটের মাধ্যমে পেমেন্ট করা যেতে পারে।

যে সকল বিষয়ে পেমেন্ট করা যাবে সেগুলোর মধ্যে রয়েছে স্বইচ্ছাকৃতভাবে (ভলান্টারী) স্কুলে অবদান রাখা, কোন বিষয়ের উপর অবদান রাখা, ভ্রমণ খরচ, ছাত্রদের কাছে কোন কিছু বিক্রি করা এবং সৃজনশীল ও ব্যবহারিক শিল্পকর্ম বিক্রি করা (এর মধ্যে রয়েছে ব্যান্ড, নাটক এবং নৃত্য)। এখানে আরো একটি ক্যাটাগরী রয়েছে যার নাম "আদার বা অন্যান্য" এবং এখানে এমন বিষয়গুলো থাকে যা পূর্বের শিরোনামগুলোর আওতায় পড়ে না। এছাড়া "অন্যান্য"-র মাধ্যমে স্কুলের স্টেটমেন্ট অফ অ্যাকাউন্টের সম্পূর্ণ পেমেন্ট করা যেতে পারে।

যখন আপনি \$ Make a payment -এ প্রবেশ করবেন তখন আপনাকে আবশ্যিকভাবে যা প্রদান করতে হবে তা হল:

- ছাত্রের নাম
- শ্রেণী
- জন্ম তারিখ

প্রতিবার পেমেন্ট করার সময় আপনাকে এই তথ্যাবলী প্রদান করতে হবে কারণ ছাত্রের তথ্যাবলী পেমেন্ট সিস্টেমে ধরে রাখা হয় না।

এটি একটি সুরক্ষিত পেমেন্ট সিস্টেম যা Westpac কর্তৃক পরিচালনা করা হয় এবং যার মাধ্যমে আপনাকে নিশ্চিত করা হয় যে আপনার ক্রেডিট কার্ড বা ডেবিট কার্ডের তথ্যাবলী সুরক্ষিতভাবে ধারণ করা হয়ে থাকে। এই তথ্যাবলী স্কুলের কাছে পাঠানো হয় না।

পেমেন্ট প্রক্রিয়া শুরু হওয়ার আগ পর্যন্ত পেমেন্ট বিষয়ক যেকোন তথ্যাবলী আপনি পরীক্ষা বা পরিবর্তন করতে পারবেন। রিসিপ্ট আপনি ই-মেইলে পেতে পারেন এবং/অথবা প্রিন্ট করে নিতে পারেন।

পেমেন্টসমূহের বিস্তারিত তথ্যাবলী প্রতিদিন স্কুলে পাঠানো হয় যেখানে সেগুলো আপনার সন্তানের অ্যাকাউন্টে হিসাব রাখা হবে। যেহেতু পেমেন্ট পেজ থেকে আপনাকে রিসিপ্ট দেয়া হয়েছে, সে কারণে স্কুল আপনাকে আর কোন রিসিপ্ট দেবে না।

অনলাইন পেমেন্ট সংক্রান্ত যেকোন জিজ্ঞাসার জন্য অনুগ্রহ করে স্কুল অফিসে যোগাযোগ করুন।

### টেলিফোন দ্বোভাষী সেবা

স্কুলের সাথে ইংরেজীতে যোগাযোগের ক্ষেত্রে যদি আপনার সাহায্যের প্রয়োজন হয় তাহলে অনুগ্রহ করে টেলিফোন দ্বোভাষী সেবার জন্য 131 450 -এ ফোন করুন, তাদেরকে জানান আপনার কোন ভাষার একজন দ্বোভাষী লাগবে এবং অপারেটরকে স্কুলে ফোন করতে বলুন। অপারেটর একজন দ্বোভাষীকে লাইনে দেবেন যিনি আপনার কথোপকথনে আপনাকে সাহায্য করবেন। এই সেবা আপনার জন্য বিনামূল্যে দেয়া হবে।